কোটচাঁদপুরে ঈমাম ও স্থানীয় ব্যাক্তিদের সাথে জেলা প্রশাসকের মতবিনিময় সভা

ঈমাম ও স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গের সঙ্গে মঙ্গলবার ঝিনাইদহের জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রট এস এম রফিকুল ইসলাম মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন, কোটচাঁদপুর উপজেলার নির্বাহী কর্মকর্তা উছেন মে।

অনুষ্ঠানে,বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি, কোটচাঁদপুর পৌরসভার সহিদুজ্জামান (সেলিম), ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি) সৈয়দ আল-মামুন,পুলিশ পরিদর্শক (ওসি তদন্ত) জগন্নাথ চন্দ্র।

এ ছাড়া উপস্থিত ছিলেন, এলাঙ্গী ইউনিয়নের চেয়ারম্যান মিজানুর রহমান, দোড়ার আবদুল জলিল, সাবদারপুর ইউনিয়নের আব্দুল মান্নান,কুশনার শাহারুজ্জামান (সবুজ),সাংবাদিক নজরুল ইসলাম, সুব্রত কুমার, আব্দুল বাঁশার।

সভায় বক্তব্য রাখেন,ঈমামদের পক্ষে নুরনবী আশিকী,সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার। বক্তাদের বক্তব্যে জোরালে ভাবে উঠে আসে,বাল্য বিবাহ,আত্মহত্যা ও পৌর শহরের বর্জ্য ব্যবস্থাপনার বিষয়টি। যা পরিবেশ ও মানুষের স্বাস্থ্যের উপর প্রভাব পড়ছে।

কোটচাঁদপুরে মহান বিজয় দিবস

উদযাপন উপলক্ষ্যে উপজেলা প্রশাসন প্রস্তুতি সম্পন্ন

১৬ ডিসেম্বর মহান বিজয় উদযাপন উপলক্ষ্যে সকল প্রস্তুতি সম্পন্ন করেছেন,উপজেলা প্রশাসন। আজ শুক্রবার বিকেলে শেষ সময়ের প্রস্তুতি দেখতে কোটচাঁদপুর পাইলট বিদ্যালয় মাঠে আসেন সংশ্লিষ্টরা। আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক আছে বললেন নির্বাহী কর্মকর্তা।

প্রতি বছরের ন্যায় এ বছর ও কোটচাঁদপুরে উৎসব মুখর পরিবেশে উৎযাপিত হতে যাচ্ছে, মহান বিজয় দিবস।

আজ শুক্রবার বিকেলে স্থানীয় পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে চলছিল দিবসটি পালনের শেষ সময়ের প্রস্তুতি। আর এ সব দেখতে মাঠে আসেন,কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে, কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি) সৈয়দ আল- মামুন,উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা শাকী সালাম, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম,আনসার ভিডিপি কর্মকর্তা শিহাব উদ্দিন।

এ ছাড়া উপস্থিত ছিলেন,উপজেলার বিভিন্ন বিদ্যালয়,কলেজ ও মাদ্রাসার শিক্ষক, শিক্ষিকা ও ওই সব প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীরা।

এ সময় কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে চলছিল কুচকাওয়াজ। কুচকাওয়াজে অংশ গ্রহন করেন,কোটচাঁদপুর থানা। যার নেতৃত্ব দেন থানার উপপরিদর্শক (এসআই) নাজিবুল হক,আসাদুজ্জামানের নেতৃত্বে কুচকাওয়াজে অংশ গ্রহন করেন,আনসার সদস্যরা,এরশাদ আলীর নেতৃত্বে ফায়ার ডিফেন্স। এ ছাড়া কুচকাওয়াজে অংশ গ্রহন করেন,কোটচাঁদপুর পৌরসভাধীন বিভিন্ন বিদ্যালয়,কলেজ ও মাদ্রাসার ছাত্র /ছাত্রীরা।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি) সৈয়দ আল-মামুন বলেন,সব ধরনের পরিস্থিতি মোকাবিলা করার মত সক্ষমতা রয়েছে আমাদের। আর এ সব বিষয় নিয়ে কোন থিয়েট মনে করছি না।

কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে বলেন,মহান বিজয় দিবস উদযাপনের সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। এরপরও কুচকাওয়াজের শেষ সময়ের প্রস্তুতি দেখতে এসেছিলাম মাঠে। আইন শৃংখলা নিয়ে কোন কিছু ভাবছেন কিনা,এমন প্রশ্নে তিনি বলেন,আইন শৃংখলা পরিস্থিতি

কোটচাঁদপুরের পল্লীতে জমি নিয়ে সংঘর্ষ ৯ জন আহত

কোটচাঁদপুরে জমি নিয়ে রক্তক্ষয়ি সংঘর্ষের ঘটনা ঘটেছে। আজ সোমবার সকালে স্থানীয় বলাবাড়িয়ার খান পাড়ার মাঠে এ সংঘর্ষ হয়। এতে করে ৯ জন গুরুত্বর আহত হয়েছে।

জানা যায়, জমি সংক্রান্ত বিষয় নিয়ে বেশ কিছুদিন ধরে বিবাদ চলে আসছিল দুই পক্ষের মধ্যে।আজ সোমবার সকালে ওই ঘটনা নিয়ে উভয় পক্ষ মারামারিতে জড়ায়। এতে করে উভয় পক্ষের ৯ জন গুরুতর আহত হন। খবর পেয়ে স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন। এ সময় স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক আহতদের মধ্যে গুরুতর ৪ জনকে যশোর হাসপাতালে রেফার্ড করেন। বাকিদের চিকিৎসা দিয়ে কোটচাঁদপুর ভর্তি করে দেন।

আহতদের মধ্যে রয়েছে,বলাবাড়িয়া গ্রামের আলা উদ্দিন খান(৬০),জাহাঙ্গীর হোসেন(৩৫),আলমগীর খান(২৮),শাহাজান খান (৫০),আরিফ হোসেন খান(৪০),ফিরোজ খান(৩৫),আতিয়ার খান(৪২),শাকিব খান(১৭),রোহান খান (১৪) এদের মধ্যে শাহাজান খান,রোহান খান,ফিরোজ খান ও আরিফ হোসেন খানকে যশোর হাসপাতালে রেফার্ড করেছেন,চিকিৎসক।

এলাঙ্গী ইউনিয়নের চেয়ারম্যান মিজানুর রহমান বলেন,আলাউদ্দিন ও আলীম উদ্দিন আপন দুই ভাই। জমি সংক্রান্ত বিষয় নিয়ে তাদের ভিতর বিবাদ চলছিল। এর আগে বিষয়টি আমি এক প্রকার মিমাংশও করে দিয়ে ছিলাম। এরপরও তারা এ মারামারিতে জড়িয়েছে।

তিনি বলেন, এক পক্ষের ৪ জন গুরুতর আহত হয়েছেন। তাদেরকে প্রথমে যশোর, পরে উন্নত চিকিৎসার জন্য ঢাকা ও খুলনায় পাঠানো হয়েছে।

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক তানভির জামান

(প্রতিক) বলেন,মারামারির ঘটনায় চিকিৎসা নিতে ৮ জন আসছিল। এরমধ্যে ৪ জনের অবস্থা গুরুতর ছিল। তাদেরকে চিকিৎসা দিয়ে যশোর হাসপাতালে রেফার্ড করা হয়েছে। বাকিদেরকে চিকিৎসা দিয়ে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের ভর্তি করা হলেও,তারা যশোর চলে গেছেন।

কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এসআই) মাসুদুর রহমান বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে ছিলাম। জানতে পারলাম জমি সংক্রান্ত বিষয় নিয়ে ওই দুই পরিবারের মধ্যে বিবাদ চলছিল। ঘটনাটি চেয়ারম্যান মিমাংসা করে দিয়ে ছিলেন। এরপর আজ সকালে মাঠে গিয়ে উভয় পক্ষ মারামারিতে জড়িয়ে পড়েন।

কোটচাঁদপুরে মানবাধিকার কর্মীদের উদ্যোগে খাবার বিতরণ

শিশু কাঁদে ক্ষুধার জ্বালায় আর মা কাঁদে শিশুর যন্ত্রণায়, এমনই অসহায় পথ শিশু, পাগল, প্রতিবন্ধী ও ভবঘুরে মানুষদেরকে রেল স্টেশন, বাস স্ট্যান্ড ও বাজারে খুঁজে খুঁজে শতাধিক অসহায় মানুষদের মাঝে দুপুরের খাবার বিতরণ করেছে কোটচাঁদপুর মানবাধিকার সংস্থা।

আজ রবিবার ১০ই ডিসেম্বর আন্তর্জাতিক মানবাধিকার দিবস উপলক্ষ্যে প্রতি বছরের ন্যায় সারাদিন ব্যাপি অসহায়দের মধ্যে খাদ্য বিতরণ কর্মসূচী চলমান ছিল।

এ সময় উপস্থিত ছিলেন মানবাধিকার মনিটরিং অগর্নাইজেশন কোটচাঁদপুর শাখার সভাপতি সাংবাদিক মোঃ রেজাউল করিম, সাধারণ সম্পাদক এ্যাড. আশরাফুল আলম মালিথা, সাংবাদিক সুব্রত কুমার, সহ সভাপতি সাংবাদিক মোস্তাফিজুর রহমান, সহ সাধারন সম্পাদক সাংবাদিক আবু সাইদ শওকত, অর্থ সম্পাদক সাংবাদিক মইন খান, দপ্তর সম্পাদক সাংবাদিক আব্দুল্লাহ বাশার, প্রচার সম্পাদক মোঃ আবুল বাশারসহ সংগঠনের অন্যান্য সদস্যরা। অভুক্ত অসহায় মানুষগুলো ও শিশুরা দুপুরের গরম খাবার পেয়ে আনন্দ প্রকাশ করেন।
তারা জানান আমাদের প্রায়ই মানবাধিকারের ভায়েরা খাবার দিয়ে থাকেন।

এ বিষয়ে কথা বলা হয় সংস্থার সভাপতি মোঃ রেজাউল করিম এর সাথে।

তিনি জানান কোটচাঁদপুরে আমাদের নিজস্ব কার্যালয় রয়েছে। আমাদের শতাধিক সদস্য আছেন। আমরা রক্তদান, বৃক্ষরোপণ, মানবিক সহায়তা, বাল্য বিবাহ রোধ, গরীব ও মেধাবী শিক্ষার্থীদের সহযোগিতা, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ ও সমাজে নির্যাতিত নারীদের আইনী সহায়তাসহ বহুবিদ সামাজিক ও মানবিক কার্যক্রম করে থাকি। তারই অংশ হিসেবে আন্তর্জাতিক মানবাধিকার দিবসে অসহায়দেরন মাঝে এক বেলা খাবারের ব্যবস্থা করেছি।

উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগীতা এবং সদস্যদের নিজস্ব অর্থায়নে আমাদের কার্যক্রম গুলো হয়ে থাকে। সমাজের অবহেলিত ও সুবিধা বঞ্চিত মানুষের জন্য মানবিক কাজে সবাইকে এগিয়ে আসার আহবান জানান তিনি।

কোটচাঁদপুর এক মাসে ৯ মালিকের ১৬ ছাগল চুরি

এক মাসে এক গ্রাম থেকে ৯ মালিকের ১৬ ছাগল চুরির ঘটনা ঘটেছে। চুরি হয়েছে পঙ্গু মইদুল ইসলামরেও ২ ছাগল। চোর আতংকে নির্ঘুম রাত কাটাচ্ছে ওই গ্রামের ছাগল মালিকেরা। ২ ছাগল চুরির কথা শুনেছেন চায়ের দোকানে,অভিযোগ করেনি কেউ, বললেন,পুলিশ ফাঁড়ির (এস আই) মিজানুর রহমান।

ভুক্তভোগীদের সুত্রে জানা যায়, কোটচাঁদপুর উপজেলাধীন পাঁচলিয়া গ্রাম। গেল এক মাসে ওই গ্রাম থেকে ৯ জন ছাগল মালিকের ১৬ টি ছাগল চুরির ঘটনা ঘটেছে।

যার মধ্যে রয়েছে,ওই গ্রামের পল্লী চিকিৎসক আব্দুল আলিমের ১ টি,তহিদুল ইসলামের ১ টি,আশরাফুল ইসলামের ৩ টি,সাইদুর ইসলামের ১ টি,জহির হোসেনের ১ টি,দুরুদ মন্ডলের ১ টি,তসলেম উদ্দিনের ২ টি,আবু কালামের ২ টি চুরি করে নিয়ে যান,আর মেরে রেখে যান আরোও ১ টি।

এ ছাড়া চোরের হাত থেকে রেহাই পাননি,ওই গ্রামের পঙ্গু মইদুল ইসলাম ও। চোরেরা নিয়ে গেছেন,তাঁর দুইটি ছাগল। যে দুইটি ছাগল ছিল, তাঁর একমাত্র অবলম্বন।

মইদুল ইসলাম বলেন, গেল ১০ বছর ধরে,আমি পঙ্গু হয়ে ঘরে পড়ে আছি। মাঠে অল্প একটু জমি আছে তা থেকে খাবার ধানটা কোন রকম চলে। বাজার আর অন্যান্য ব্যয়ভার চলতো,আমার ছাগল বিক্রি করে। ছাগল দুইটি পেয়ে ছিলাম,আমি ছাগল পোষানি থেকে। তাও নিয়ে গেল চোরেরা।
তিনি বলেন,৩ ছেলে মেয়ে আর স্ত্রী নিয়ে আমার সংসার। সংসারে আয়ের মানুষ আমি একাই। ছাগল গুলো নিয়ে বেড়াতাম। এখন বাড়িতে বসেই দিন কাটছে আমার।

এ দিকে একের পর এক ছাগল চুরির ঘটনা ঘটায়,নির্ঘুম রাত কাটছে ওই গ্রামের ছাগল মালিকদের এমনটাই জানিয়েছেন ওই গ্রামের লালন খন্দকার ও মমিনুর রহমান। তারা বলেন,আমরা দীর্ঘদিন ধরে ছাগল পালন করে আসছি।

কোন দিন এমন সমস্যা হয়নি। এ বছর একের পর এক ছাগল চুরি হওয়ায়, কোন রাতে ঠিক মত ঘুমাতে পারছিনা। প্রায় দিন না ঘুমিয়ে রাত পার করতে হচ্ছে আমাদের।

এ ব্যাপারে দোড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল জলিল বিশ্বাস বলেন, চুরির ঘটনা ঘটেছে আমি জানি। বিষয়টি উপজেলা আইন শৃংখলা সভাও তোলা হয়েছে। তবে আজ পর্যন্ত কোন ব্যবস্থা নেয়া হয়নি।

কোটচাঁদপুরের লক্ষিপুর পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক (এসআই) মিজানুর রহমান বলেন, চায়ের দোকানে গল্প শুনেছি ১/২ টা ছাগল চুরি হয়েছে। ওতগুলো ছাগল চুরি হয়েছে কিনা আমার জানা নাই। এ ছাড়া ওই ব্যাপারে আজও পর্যন্ত কেউ কোন অভিযোগও করেনি।

কোটচাঁদপুরে ভ্রাম্যমাণ

আদালতে জরিমানা আদায়

ঝিনাইদহের কোটচাঁদপুরে ভ্রাম্যমাণ আদালতে অভিযান চালিয়ে ১৫ শত টাকা জরিমানা করা হয়েছে। আজ বুধবার (২৯ নভেম্বর) দুপুরে মেইন বাসস্ট্যান্ড বেলী ফিলিং স্টেশনে এ জরিমানা করা হয়।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,নিয়মিত বাজার মনিটরিংয়ের অংশ হিসেবে আজ দুপুরে এ অভিযান চালান, উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট উছেন মে।

এ সময় তিনি বেলী ফিলিং স্টেশনের ম্যানেজার রবিউল ইসলাম (৩৫) কে তেল বিক্রয়ের মুল্য তালিকা না থাকায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৮ ধারায় ১৫ শত টাকা জরিমানা করেন।

এ সময় উপজেলা স্যানেটারী ইন্সপেক্টর মনিরুজ্জামান, সুব্রত কুমার সহ উপজেলা প্রশাসন কর্মকর্তা কর্মচারী উপস্থিত ছিলেন।

এ নৌকা প্রতিক আপনাদের,আমি শুধু নৌকার মাঝি — সালাহ্ উদ্দীন মিয়াজি

এ নৌকা প্রতিক আপনাদের,আমি শুধু নৌকার মাঝি। আর আপনারাই পারেন,নির্বাচনে নৌকাকে বিজয়ী করে,কাংক্ষিত লক্ষ্যে পৌছে দিতে।

আজ মঙ্গলবার বিকেলে কোটচাঁদপুর মেইনবাসস্ট্যান্ডের গণসংবর্ধনা অনুষ্ঠানে এ কথা বলেন মেজর জেনারেল সালাহ উদ্দীন মিয়াজি। তিনি বলেন,অনেক যাচাই বাছাইয়ের পর, প্রধান মন্ত্রী শেখ হাসিনা যে নৌকা প্রতিক আমাকে দিয়েছেন,সেটা শুধু আমার প্রতিক না। এটা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিক, শেখ হাসিনার প্রতিক নৌকা এ দেশের স্বাধীনতার প্রতিক।

সংবধনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন,কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের

সভাপতি মোছাঃ শরিফুননেসা মিকি,পৌর মেয়র সহিদুজ্জামান (সেলিম),আওয়ামীলীগ নেতা হুমায়ূন কবির লতা,মহেশপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাজ্জাদ হোসেন, সাধারণ সম্পাদক মীর সুলতানুজ্জামান লিটন,কোটচাঁদপুর পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রিপন মন্ডল।

এদিকে নৌকার প্রার্থী সালাহ উদ্দিন মিয়াজির আগমন উপলক্ষে, দুপুরের পর থেকে কোটচাঁদপুর মেইন বাসস্ট্যান্ডে জড়ো হতে থাকে উপজেলার বিভিন্ন এলাকা থেকে আসা নেতা-কর্মীরা।

বিকাল ৫ টান সময় বিশাল মটর সাইকেল আর প্রাইভেট মাইক্রো বাস নিয়ে কোটচাঁদপুর শহরে প্রবেশ করেন,প্রার্থী সালাহ উদ্দিন মিয়াজি। এ সময় নৌকার শ্লোগানে মুখরিত হয়ে উঠে এলাকাটি। আর খোলা মাইক্রোবাসের মধ্যে থেকে হাত নেড়ে শুভেচ্ছা জানাতে নেমে আসেন,তিনি। যোগদান করেন,সংবধনা অনুষ্ঠানে,নিজের জন্য নৌকা প্রতিকে ভোট চান মিয়াজি।

মেজর জেনারেল সালাহ উদ্দীন মিয়াজিকে নৌকা প্রতিক প্রদান করায়,প্রধান মন্ত্রী শেখ হাসিনাকে কৃতজ্ঞতা এ সংবধনার আয়োজন করেন, কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগ ও সহযোগী সংগঠন।

কোটচাঁদপুর ঔষধ প্রশাসনের অবহিত করন সভা অনুষ্ঠিত

ঔষধ ও কসমেটিকস আইন ২০২৩ অনুসারে রেজিস্ট্রার্ড চিকিৎসকের পরামর্শ ব্যতিত প্রশাসন ও এন্টিবায়োটিক বিক্রি শাস্তির বিধান এবং এন্টিবায়োটিকের মোড়কে লাল রঙের সনাক্ত করন বিষয়ক অবহিত করন সভা অনুষ্ঠিত হয়েছে।আজ সোমবার দুপুরে কোটচাঁদপুর মুক্তি যোদ্ধা কমপ্লেক্সে এ সভা করা হয়।
কোটচাঁদপুর ড্রাগিষ্ট এন্ড কেমিস্ট সমিতির সভাপতি কামরুল হাসান খান খোকনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ ঔষধ প্রশাসন কর্মকর্তা সিরাজুম মনিরা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,জেলা বিসিডিএসের সভাপতি রফিকুল

করিম সোম,কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক(ওসি) সৈয়দ আল-মামুন, সাবেক মুক্তি যোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম সিনিয়র সহসভাপতি মোস্তাকিবুর রহমান ঝন্টু, সহসভাপতি হান্নান মিয়া,সোহরাব হোসেন,সিনিয়র সহসভাপতি কাজী হাসানুজ্জামান হাসান, সহসভাপতি হাসানুজ্জান ডাবলু,হুমায়ুন কবির।

এসময় ঔষধ ও কসমেটিকস আইন ২০২৩ অনুসারে রেজিস্ট্রার্ড চিকিৎসকের পরামর্শ ব্যতিত এন্টিবায়োটিক বিক্রি শাস্তির বিধান এবং এন্টিবায়োটিকের মোড়কে লাল রঙের সনাক্ত করন বিষয় নিয়ে উপস্থিত, কেমিস্ট এন্ড ড্রাগিষ্ট সমিতির সভাপতি সম্পাদক সহ সদস্যদেরকে সচেতন মূলক বক্তব্য রাখেন।

কোটচাঁদপুরে ফার্মেসী মালিককে ৩ হাজার টাকা জরিমানা

কোটচাঁদপুরে ফার্মেসীতে অভিযান চালিয়ে ফার্মেসী মালিককে ৩ হাজার টাকা জরিমানা করা হয়েছে। আজ বৃহস্পতিবার দুপুরে শহের আর কে মেডিকেলে এ জরিমানা করা হয়।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,নিয়মিত বাজার মনিটরিংয়ের অংশ হিসেবে আজ বৃহস্পতিবার দুপুরে এ অভিযান চালান, উপজেলা নির্বাহী কর্মকর্তা ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট উছেন মে। এ সময় তিনি কোটচাঁদপুর পৌর শহরের আর মেডিকেলের মালিককে শফি উদ্দিনকে ফার্মেসীতে মেয়াদোত্তীর্ণ ঔষধ রাখার অভিযোগে ৩ হাজার টাকা জরিমানা করেন।

এ সময় উপস্থিত ছিলেন,কোটচাঁদপুর কেমিস্ট এন্ড ড্রাগিষ্ট সমিতির সভাপতি কাজী হাসানুজ্জামান, সাবেক সভাপতি সোহরাব হোসেন ও সহসভাপতি হাসানুজ্জামান ডাবলু উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুর উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক গ্রেফতার

কোটচাঁদপুর উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক(৬২)কে গ্রেফতার করেছেন, থানা পুলিশ। রবিবার রাতে তাকে মহেশপুর থেকে গ্রেফতার করা হয় বলে জানিয়েছেন মামলার তদন্ত কর্মকর্তা আল মাসুদ মিয়া।

জানা যায়,কোটচাঁপুর উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক। তিনি উপজেলার ফাজিলপুর গ্রামের মৃত দলিল উদ্দিন বিশ্বাসের ছেলে। আব্দুর রাজ্জাক গেল ১ নভেম্বর কোটচাঁদপুর থানার নাশকতা মামলার আসামি। মামলা হওয়ার পর তিনি মহেশপুর উপজেলার একতাঁরপুর গ্রামে লেন্টু মেম্বরের বাসায় ছিলেন।

গোপন সংবাদের ভিত্তিতে রবিবার রাতে তাকে মহেশপুরের ওই বাসা থেকে গ্রফতার করেন। সোমবার সকালে তাকে আদালতে পাঠিয়েছেন থানা পুলিশ।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এসআই) ও মামলার তদন্তকারী কর্মকর্তা আল মাসুদ মিয়া বলেন,নাশকতা মামলায় রবিবার রাতে
বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাককে গ্রেফতার করা হয়েছে। তিনি মহেশপুর উপজেলা একতাঁরপুর গ্রামের লেন্টু মেম্বরের বাসায় পালিয়ে ছিলেন।
গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাঁকে গ্রেফতার করা হয়।

তিনি বলেন,উপজেলা বিএনপির সভাপতি সহ ওই মামলায় আজ পর্যন্ত ১০ জন গ্রেফতার করা হয়েছে। বাকিদের ধরতে অভিযান অব্যহত রয়েছে।